



## ইইউ নির্বাচন পর্যবেক্ষণ মিশনের সঙ্গে বিএনপির বৈঠক অনুষ্ঠিত



ছবি: সংগৃহীত

রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) নির্বাচন পর্যবেক্ষণ মিশনের একটি প্রতিনিধিদল বিএনপির নেতাদের সঙ্গে বৈঠক করেছে। মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেল ৫টায় অনুষ্ঠিত এ বৈঠকে নেতৃত্ব দেন মিশন প্রধান ইভার্স ইজাবস। বৈঠকে সাম্প্রতিক ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে আলোচনা হয়। অংশগ্রহণকারীরা অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবার ইতিবাচক ভূমিকার গুরুত্ব তুলে ধরেন। একই সঙ্গে দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি এবং নির্বাচনকেন্দ্রিক বিভিন্ন বিষয় নিয়েও মতবিনিময় হয়।

ইইউ প্রতিনিধিদলে আরও ছিলেন ঢাকায় নিযুক্ত রাষ্ট্রদূত মাইকেল মিলার, উপপ্রধান বাইবা জারিনা, উপদলপ্রধান ইস্তা লাসে, আইন বিশ্লেষক ইরিনি মারিয়া গৌনারি, নির্বাচন বিশ্লেষক ভাসিল ভাশচানকা, রায়ান ইসলাম এবং মানবাধিকার বিশ্লেষক অ্যান মার্গবোরো।

বিএনপির পক্ষে বৈঠকে অংশ নেন দলের স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান, যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, ইসমাইল জবিউল্লাহ এবং ড. মাহদী আমিনসহ সংশ্লিষ্ট নেতারা।